

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বন অধিশাখা-১  
প্রজ্ঞাপন

তারিখ, ২৫ নভেম্বর ২০১৩ ইং।

নং পবম/(বঝাঃ-১)০১/২০০৯/৮৭০—নিম্ন তফসিলভুক্ত বনভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ৪ (ক) (১) ধারায় গেজেট বিজ্ঞপ্তি নং XII/For-13-19/84/728 তারিখঃ the 31<sup>st</sup> October/15<sup>th</sup> November 1984 খ্রিৎ মূলে সংরক্ষিত বনভূমি হিসেবে ঘোষণা করা হইয়াছিল এবং বাংলাদেশ গেজেট, পার্ট-১ এ ৬ ডিসেম্বর, ১৯৮৪ খ্রিৎ তারিখে প্রকাশিত হইয়াছিল। পরবর্তীতে পরিবেশ ও বন মন্ত্রণালয়, বন অধিশাখা-১ এর প্রজ্ঞাপন নং পবম/(বঝাঃ-১)০২/২০১২/২৫৭ তারিখঃ ২৬ বৈশাখ ১৪১৯/০৯ মে, ২০১২ মূলে আর. এস, দাগ নং-৪৮০ এর ৪.৩৩ একর ভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ২০ ধারার ক্ষমতাবলে সংরক্ষিত বনভূমি হিসেবে ঘোষণা করা হয়। নিম্ন তফসিলভুক্ত বনভূমি ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ Institute of Water & Environmental Science প্রতিষ্ঠা করার জন্য দীর্ঘমেয়াদে বন্দোবস্ত প্রদানের নিমিত্ত বন আইন, ১৯২৭ (১৯২৭ সালের ১৬নং আইন) এর ২৭ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অন্ত বিজ্ঞপ্তি জারীর তারিখ হইতে আর সংরক্ষিত বনভূমি হিসেবে গণ্য হইবে না :

### ভূমির তফসিল :

| জেলার নাম | উপজেলার নাম | জে. এল নং<br>ও মৌজার নাম | সি.এস দাগ<br>নম্বর | আর.এস দাগ নম্বর  | ভূমির পরিমাণ |
|-----------|-------------|--------------------------|--------------------|------------------|--------------|
| গাজীপুর   | গাজীপুর সদর | ২৫ নং<br>ভূগলিয়া        | ৭০২                | ৮৭৯              | ১.৪৫ একর     |
|           |             |                          | ২৫০                | ৮৮০ (পশ্চিম অংশ) | ০.৫৫ একর     |
|           |             |                          |                    | মোট =            | ২.০০ একর     |

( ১০০১১ )

মূল্য ৪ টাকা 8.00

## চৌহদ্দি ৪

উত্তরে- বনবিভাগের জমির আর.এস দাগ নং-৮৯০ এবং অন্যান্য মালিকানাধীন জমির আর.এস দাগ নং-৮৮১, ৮৮২, ৮৮৩।

দক্ষিণে- আর.এস দাগ নং-৮৭৪, ৮৭৫, ৮৭৬, ৮৭৭ এবং ৮৭৮।

পূর্বে- বনবিভাগের জমির আর.এস দাগ নং-৮৮০ (আংশিক) এবং আরও পূর্বে ঢাকা-ময়মনসিংহ রেল লাইন।

পশ্চিমে- আর.এস দাগ নং-৮৫৫, ৮৫৬ এবং ৮৫৭।

এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী  
সচিব।